



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

শুদ্ধাচার শাখা

www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০২.২১.৯৩

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮

২৫ এপ্রিল ২০২১

বিষয়: বিভাগীয় কমিশনারের কার্যালয়সমূহের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা জারি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে “সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল” শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রস্তুত করেছে।

২। ২০২১-২২ অর্থবছরের প্রস্তুতকৃত নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

(ক) দপ্তর /সংস্থার জন্য প্রণীত নির্দেশিকা এবং সময়সীমা অনুসরণ করে বিভাগীয় কমিশনারের কার্যালয়সমূহ ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে দাখিল করবে;

খ) আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য প্রণীত নির্দেশিকা এবং সময়সীমা অনুসরণ করে জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫-৪-২০২১

নাহিদ সুলতানা

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৫৪৯

ফ্যাক্স: ৯৫১৩৩০২

বিভাগীয় কমিশনার (সকল)

ইমেইল: inar_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০২.২১.৯৩/১(৪)

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮

২৫ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব [সমন্বয় ও সংস্কার] মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্স ও নোটিশ বোর্ডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব [সংস্কার] মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫-৪-২০২১

নাহিদ সুলতানা

সিনিয়র সহকারী সচিব